মেহেরপুরে সামাজিক সুরক্ষায় ডাল ও চালের ভূমিকা বিষয়ক কর্মশালা

বায়োফোর্টিফাইভ ধান সংগ্রহ এবং সামাজিক সুরক্ষায় জলবায়ু বান্ধব মসুর ডাল ও চালের ভূমিকা বিষয়ক এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার (২৭ জুন) বেলা বারোটার দিকে জেলা শিল্পকলা একাডেমিতে ও মেহেরপুর খাদ্য অধিদপ্তরের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত।

জেলা খাদ্য নিয়ন্ত্রক এম এম ইকবাল হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এ ছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজীব হাসান ও কৃষি প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল।

এসময় বায়োফোর্টিফাইভ জিংসমৃদ্ধ ধানের উপকারিতা নিয়ে এবং ব্রি ধান ৭৪ সংগ্রহ নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও আপনি ঘরে বসে আছেন কাদের সবাই বসে আছেন এসামাজিক সুরক্ষায় জলবায়ু বান্ধব মসুর ডাল ও চালের ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। পরিকল্পিতভাবে পুষ্টিসমৃদ্ধ খাদ্য উৎপাদন করতে সকলকে একত্রিত ভাবে কাজ করার আহ্বান জানান বক্তারা। কর্মশালায় জেলার বিভিন্ন অঞ্চল থেকে আগত কৃষক, কৃষি মাঠকর্মী, স্বাস্থ্যকর্মীসহ খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করে।

পরে স্লাইডের মাধ্যমে প্রেজেন্টেশন উপস্থাপন করেন গ্লোবাল অ্যালায়েন্স ফর ইম্প্রেুাভড নিউট্রেশন এর কনসালটেন্ট ড. এম মনির উদ্দিন।

কর্মশালাতে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন ।

কুষ্টিয়ায় নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মশালা

কুষ্টিয়ায় বিভাগীয় পর্যায়ে নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (৩ জুন) সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এ কর্মশালার আয়োজন করে।

এ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব-উল আলম হানিফ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে জনসচেতনতা বাড়াতে হবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের প্রতিটি লক্ষ্যের সঙ্গেও নিরাপদ খাদ্য গভীরভাবে জড়িত। কিন্তু এসডিজি অর্জনের অন্তরায় অনিরাপদ খাদ্য। তাই নিরাপদ খাদ্য নিশ্চিত পারলেই উন্নয়ন টেকসই হবে।

তিনি বলেন, আইন কিংবা চাপ দিয়ে খাদ্যে ভেজাল নির্মূল করা কঠিন। এ জন্য প্রয়োজন নিরাপদ খাদ্য পেতে জনসচেতনতামূলক বার্তা ছড়িয়ে দিতে হবে সবার মাঝে, যাতে নিরাপদ খাদ্যের মৌলিক অধিকারের দাবি সামাজিক আন্দোলনে রূপ নেয়।

কুষ্টিয়া চাউল ব্যবসায়ীদের উদ্দেশ্যে কঠোর সমালোচনা করে তিনি বলেন, চাউল যেভাবে পালিশ করা হয় তাতে চালের গুনাগুন ক্ষমতা নষ্ট হয়ে যাচ্ছে। চাল পালিশের পরে শুধুমাত্র আমরা কার্বোহাইড পাচ্ছি। এসব থেকে চাল ব্যবসায়ীদের বেরিয়ে আসতে হবে। ভোক্তার দিকেও খেয়াল রাখতে হবে। এমপি বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিনি নিরাপদ খাদ্যের বিষয়টি অনুধাবন করে স্কুল লেভেলের পাঠ্যপুস্তকেও নিরাপদ খাদ্যের বিষয়টিঅন্তর্ভুক্ত করেছেন।

স্বাস্থ্যই সকল সুখের মুল উল্লেখ করে হানিফ আরও বলেন, স্বাস্থ্যই

জীবনের সকল সুখের মূল।
স্বাস্থ্যবান জাতি গঠনে নিরাপদ খাদ্যের কোনও বিকল্প নেই। কারণ একটি জাতি শুধু অর্থনীতির মানদণ্ডে উন্নত জাতিতে পরিণত হয় না। সেখানে নিরাপদ খাবার এবং সুস্বাস্থ্য একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। টেকসই উন্নয়নের জন্য তাই সবার জন্য নিরাপদ খাবারের সংস্থান করতে হবে।
তাই নিজেকে সুস্থ থাকতে হলে ভালো খাবারের পাশাপাশি শরীর চর্চাতেও বিশেষ দৃষ্টি দেওয়ার উপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জাকারিয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য আলহাজ্ব রেজাউল হক চৌধুরী, কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য আলহাজ্ব কামারুল আরেফীন, কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য আব্দুর রউফ, জেলা প্রশাসক মোধ এহেতেশাম রেজা, অতিরিক্ত পুলিশ সুপার তারেক জোবায়ের, জেলা আওয়ামীলীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান প্রমুখ।

অনুষ্ঠানে মুল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রকল্প পরিচালক আবু নুর মো: শাসুজ্জামান।

জেলা নিরাপদ খাদ্য অফিসার সজীব পাল পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে নিরাপদ খাদ্য সংক্রান্ত তথ্যাবলি উপস্থাপন করেন। তিনি উপস্থিত সকলের মাধ্যমে কুষ্টিয়াবাসীর মাঝে নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির আহবান জানান।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জাকারিয়া বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিতে দরকার আন্তঃসংস্থা সমন্বয়। খাদ্যব্যবসা পরিচালনার ক্ষেত্রে সরকারের অনেকগুলো সংস্থা কোনো না কোনোভাবে জড়িত। সবগুলো সংস্থাকে এক টেবিলে বসিয়ে কোনো বিষয়ে রাজি করানো খুব জটিল ও সময়সাপেক্ষ কাজ। তাই ধীরে ধীরে সবার সহযোগিতার মাধ্যমে দেশে নিরাপদ খাদ্যের পরিবেশ নিশ্চিত করতে হবে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প আয়োজিত এ কর্মশালায় জনপ্রতিনিধি, হোটেল-রেস্তোরা ব্যবসায়ী, খাদ্য ব্যবসায়ী সমিতির প্রতিনিধি, গণমাধ্যম কর্মী ও সরকারি কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

এরআগে ‘পত্রিকা খুললেই লুটপাটের খবর, সরকার হাজার হাজার আজিজ-বেনজীর তৈরী করেছে’ বিএনপির এমন অভিযোগ সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, সরকার কোন দূর্ণীতিবাজকে পৃষ্টপোষকতা করছে না। আমাদের সরকার দুর্ণীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষনা করে দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করছে।

দুর্নীতির জন্য সরকারকে ঢালাও ভাবে অভিযোগ করার কোন সুযোগ নেই। রাষ্ট্রের উচ্চ বা নিম্ন পর্যায়ের সরকারী কর্মকর্তা বা কোন ব্যাক্তি যদি অনিয়ম দুর্নীতি করেন তবে গোয়েন্দা সংস্থাগুলোর প্রথম কাজ হচ্ছে তাদের সমন্ধে সঠিক তথ্য সরকারকে দেওয়া। এক্ষেত্রে গোয়েন্দাদের ব্যর্থতা হিসেবে চিন্নিত হবে।

আর বিএনপির উদ্দ্যেশে হানিফ বলেন, বিএনপির দুই শীর্ষ নেতা বেগম খালেদা জিয়া ও তারেক রহমান দূর্ণীতি, অর্থপাচার, অর্থ কেলেকারীর দায়ে অভিযুক্ত হয়ে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হয়েছে, সেই দলের নেতাদের মুখে দূর্ণীতির বিরুদ্ধে কথা বলা মানায় না।

দ্রব্যমল্যে বৃদ্ধি প্রসঙ্গে হানিফ বলেন, সারাবিশ্বেই দব্যমূল্যের দাম বেড়েছে। বাংলাদেশেও তার প্রভাব পড়েছে। দব্যমূল্য বাড়লে সবারই কস্ট হয়। তাই সরকার যতটুকু সম্ভব এটা নিয়ন্ত্রনের চেস্টা করে যাচ্ছে বলেও জানান তিনি।

ঝিনাইদহে পিবিআই’র প্রেস রিলিজ গাইড লাইনস ও ভিডিও এডিটিং’ বিষয়ক কর্মশালা

ঝিনাইদহে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)-এ প্রেস রিলিজ গাইড লাইনস ও ভিডিও এডিটিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকাল থেকে দুপুর পর্যন্ত ঝিনাইদহ পিবিআই কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ পিবিআই’র পুলিশ সুপার মুহাম্মদ

মাহাবুবুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান।

এছাড়া আলোচক হিসেবে ছিলেন সময় টিভির রিপোর্টার লোটাস রহমান সোহাগ। অনুষ্ঠানে ঝিনাইদহে কর্মরত ২০ জন ওসি, এস আই ও এএসআই অংশ নেয়। কর্মসূচীতে পিবিআই’র নানা অভিযান, সফল তদন্ত’র প্রেস রিলিজ তৈরী ও ভিডিও ধারণসহ এডিটিং বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হয়। এতে মামলার তদন্তে পিবিআই’র সাফল্যগাথা গণমাধ্যমে প্রচারের মাধ্যমে অপরাধ প্রবণতা কমে আসবে। সেই সাথে গণমাধ্যমের সঙ্গে পিবিআইয়ের সম্পর্কের উন্নতি হবে বলেও আশা করেন আয়োজকরা।

কুষ্টিয়ায় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় কর্মশালা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় গ্রাজুয়েট(এম.বি.বি.এস) প্র্যাকটিশনার/পেডিয়াট্রিশিয়ানদের(কনসালটেন্ট) নিয়ে অনুষ্ঠিত নেটওয়ার্কিং মিটিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে শহরের খেয়া রেস্তোরাঁয় এ কর্মশালায় সভাপতিত্ব করেন কুষ্টিয়ার সিভিল সার্জন ডাঃ মোঃ আকুল উদ্দিন।

ব্র্যাক এর সহযোগিতায় জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির অধীনে কুষ্টিয়া সিভিল সার্জন এ কর্মশালার আয়োজন করে। সেমিনারে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মো: রফিকুল ইসলাম।

আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা: তাপস কুমার সরকার, সিনিয়র শিশু বিশেষজ্ঞ, কুষ্টিয়ার ছয় উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসারগণ, ডিস্ট্রিক্ট সার্ভিলেন্স মেডিকেল অফিসার (ডিএসএমও), ব্র্যাক কুষ্টিয়ার জেলা সমন্বয়কারী ও ব্র্যাক কুষ্টিয়ার জেলা ব্যবস্থাপক (টিবি)।

কর্মশালায় জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির মিশন, ভিশন, চ্যালেঞ্জ, চাইল্ড টিবি, ইপি টিবি, টিবি-এইচ আই ভি ও টিপিটিসহ যক্ষা রোগ নিয়ন্ত্রণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আলোচনা করা হয়।

পরিশেষে কুষ্টিয়া জেলার যক্ষা রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম আরও বেগবান করতে ও প্রদত্ত সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

কুষ্টিয়ায় ‘আমন ধানের ফলন বৃদ্ধিতে করনীয় শীর্ষক’ কর্মশালা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় আমন ধানের ফলন বৃদ্ধিতে করণীয় শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আঞ্চলিক কার্যালয় কুষ্টিয়া এই কর্মশালার আয়োজন করে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সরেজমিন উইং এর পরিচালক কৃষিবিদ তাজুল ইসলাম পাটোয়ারীর সভাপতিত্বে এই কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএডিসি’র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) কৃষিবিদ মোস্তাফিজুর রহমান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো: আব্দুল লতিফ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো: আবু হোসেন।

এই কর্মশালায় আমন ধানের ফলন বৃদ্ধিতে করণীয় বিষয়ে মূল প্রবন্ধ

উপস্থাপন করেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের এর উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান ও সিএসও ড. খোন্দকার মো: ইফতেখারুদ্দৌলা এবং কুষ্টিয়া জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবীদ হায়াত মাহমুদ।

স্বাগত বক্তব্য রাখেন, প্রধান ব্রি আঞ্চলিক কার্যালয় কুষ্টিয়ার প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মাহবুবুর রহমান দেওয়ান।

কর্মশালায় বক্তারা বলেন, এ বছর বোরো উৎপাদনের পর আউশ এবং আমনের উপর সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। দেশে যেন দুর্ভিক্ষের মতো কোনো অবস্থা সৃষ্টি না হয়, মানুষ যেন খাদ্য কষ্টে না ভোগে, সেজন্যই এসব ব্যবস্থা নেয়া হয়েছে।

বক্তারা আরও বলেন, নানা সীমাবদ্ধতা সত্বেও প্রতিবছর আমনের উৎপাদন বাড়ছে এবং গত বছর আমনের উৎপাদন ১.৫ কোটি টনের বেশি পৌঁছায়। এর পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে নতুন নতুন উদ্ভাবিত জাত, আধুনিক ব্যবস্থাপনা ও সরকারের সঠিক নীতি কৌশল। আমন মৌসুমে স্বল্প মেয়াদী জাত সময়মতো চাষ করলে বোরো ধান লাগানোর পূর্বেই মূল্যবান সরিষা চাষ করা সম্ভব বলেও জানান তারা।

কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়া ও পার্শ্ববর্তী জেলা/উপজেলার কর্মকর্তা, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি, বীজ ও সার ডিলার, মিলার ও কৃষক প্রতিনিধিসহ প্রায় ৩’শ জন অংশগ্রহণ করেন।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভূমিকা” শীর্ষক কর্মশালা

“স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভূমিকা” শীর্ষক কর্মশালা মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

কর্মশালায় মূল প্রতিপাদ্যের উপর বক্তব্য রাখেন সিনিয়র সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছা: রনী খাতুন।
বক্তব্য রাখেন মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর জেলার ভারপ্রাপ্ত নিরাপদ খাদ্য কর্মকর্তা সজীব পাল, বীর মুক্তিযোদ্ধা আবুল কাসেম, সাংবাদিক দিলরুবা খাতুন প্রমুখ।
কর্মশালায় শিক্ষক, মুক্তিযোদ্ধা, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ‘ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক’ দিনব্যাপী কর্মশালা

মেহেরপুরে ইসলামিক ফাউণ্ডেশনের উদ্যোগে ‘ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক’ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তনে ধর্ম মন্ত্রণালয়ের ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর ইসলামিক ফাউণ্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীরের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিসি রনি খাতুন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত পুলিশ সুপার রাসেল আহসান, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা ও দায়রা জজ কোর্টের পিপি পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন।

২য় পর্বে বিভিন্ন মসজিদের ইমাম, শিক্ষক, মন্দিরের পুরোহিতসহ বিভিন্ন ধর্মীয় নেতাদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনীতে সামাজিক সম্প্রীতি বিষয়ক ইমাম ও খতিবদের সাথে কর্মশালা

জেলা পর্যায়ে মসজিদের ইমাম, খতিব ও আলেম ওলামাদের নিয়ে “সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, সন্রাস ও জঙ্গি প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরাসন” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা- ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৪ মে) সকাল ১০ টার দিকে গাংনী মডেল মসজিদ ও ইসলামিক সেন্টারে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন (এমপি)।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মোঃ মনিরুজ্জামান মাস্টার, আওয়ামী লীগের স্থানীয় নেতা মোঃ মনিরুজ্জামান আতু, ইফার ফিল্ড সুপারভাইজার মোঃ মনিরুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার মোঃ আমানুল্লাহ প্রমুখ। কর্মশালায় গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নের মসজিদের ইমামগণ অংশ নেন। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন গাংনী অঞ্চলের ফিল্ড সুপারভাইজার মুহাম্মদ তাওহীদুল ইসলাম।

চুয়াডাঙ্গায় সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায় উন্নয়ন কর্মশালা

ইসলামী শরিয়াহ্ মোতাবেক পরিচালিত জীবন বীমা কোম্পানি সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায় উন্নয়ন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদরের ঝিনাইদহ বাস টার্মিনাল সংলগ্ন চেম্বার অব কমার্স ভবনে আজ সোমবার সকাল থেকে এই উন্নয়ন কর্মশালার উদ্বোধন করা হয়।

ব্যবসায় উন্নয়ন কর্মশালার চুয়াডাঙ্গা সেলস অফিসের ব্রাঞ্চ ম্যানেজার মোঃতরিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা মীর রাশেদ বিন আমান।

চুয়াডাঙ্গায় সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের চুয়াডাঙ্গা সেলস অফিসের ব্রাঞ্চ ম্যানেজার তরিকুল ইসলামের টিমের সদস্যের নিয়ে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের সহকারী বিক্রয় ব্যবস্থাপক অনূপম দাস।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ইউনিট ম্যানেজার মোঃরাসেল হাসান নয়ন, এরফান উদ্দিন ইভেন, নাজমুস সাকিব, মোহাম্মদ আলী, অনিকুজ্জামান,মেহেদী হাসান, ইখলাস হোসেন,অনিক মাহাবুব, আইনূর নাহার বিথী,সিফাত মাহমুদা কানন, স্বপ্নাজ খাতুন।

অনুষ্ঠানটি প্রাণবন্ত সঞ্চালনার দায়িত্বে ছিলেন ঝিনাইদহ মেট্রো ইউনিটের ম্যানেজার সাকিব মোহাম্মদ আল হাসান।

চুয়াডাঙ্গায় সাংবাদিকদের সাথে পানি সাশ্রয়ী নিরাপদ খাদ্য প্রকল্পের কর্মশালা

চুয়াডাঙ্গায় সাংবাদিকদের সাথে পানি সাশ্রয়ী নিরাপদ খাদ্য এবং টেকসই পরিবেশবান্ধব দক্ষ কৃষি অনুশীলন প্রকল্পের ফলাফল ও প্রভাব বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে জাপান ফান্ড ফর গোবাল এনভাইরমেন্ট (জেএফজিই) এর সহযোগিতায় অফিস সম্মেলন কক্ষে সাংবাদিকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। এসময় দামুড়হুদা উপজেলার চারটি ইউনিয়নে ৪০ টি গ্রামের ৪০০ জন কৃষকের সাথে পানি সাশ্রয়ী নিরাপদ খাদ্য এবং টেকসই পরিবেশবান্ধব দক্ষ কৃষি অনুশীলন প্রকল্পের কার্যক্রম প্রজেক্টর এর মাধ্যমে উপস্থিত সাংবাদিকদের দেখানো হয়।

কর্মশালায় প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক বিল্লাল হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা নিরাপদ খাদ্য অফিসার সজীব পাল, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গার সম্পাদক ও প্রকাশক সরদার আল আমিন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার নির্বাহী সম্পাদক রুবাইদ বিন আজাদ সুস্থির, দৈনিক সময়ের সমীকরনের প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, দৈনিক আকাশ খবরের সম্পাদক ও প্রকাশক জান্নাতুল আওলীয়া নিশি।

কর্মশালায় অংশগ্রহন করেন ইনডিপেন্ডেন্ট টেলিভিশনের জেলা প্রতিনিধি এ্যাড. মানিক আকবর, চ্যানেল আই টেলিভিশনের জেলা প্রতিনিধি রাজীব হাসান কচি, মাছরাঙ্গা টেলিভিশনের জেলা প্রতিনিধি ফাউজার চৌধুরী, এটিএন বাংলা টেলিভিশনের জেলা প্রতিনিধি রফির রহমান, জিটিভি-র জেলা জেলা প্রতিনিধি রিফাত রহমান, একাত্তর টেলিভিশনের জেলা প্রতিনিধি এমএ মামুন, একুশে টেলিভিশনের জেলা

প্রতিনিধি প্রফেসর আতিয়ার রহমান, প্রথম আলো জেলা প্রতিনিধি শাহ আলম সনি, চ্যানেল টয়েন্টিফোর টেলিভিশনের জেলা প্রতিনিধি রেজাউল করীম লিটন, ডিবিসি নিউজ টেলিভিশনের জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, যমুনা টেলিভিশনের জেলা প্রতিনিধি জিছান আহম্মেদ, দি ইনডিপেনডেন্ট এর জেলা প্রতিনিধি এমএম আলাউদ্দিন, ডেইলি অবজারভার এর জেলা প্রতিনিধি আবুল হাসেম, নাগরিক টেলিভিশনের জেলা প্রতিনিধি হুসাইন মালিক ও দৈনিক জবাবদিহির জেলা প্রতিনিধি আলমগীর কবীর শিপলু, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, দামুড়হুদা উপজেলা এপেক্স ফেড়ারেশনের সহসভাপতি আশরাফুজ্জামান পিন্টু, সাধারন সম্পাদক আব্দুর রাজ্জাক প্রমুখ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পানি সাশ্রয় নিরাপদ খাদ্য এবং টেকসই পরিবেশবান্ধব দক্ষ কৃষি অনুশীলন প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী তোফায়েল আহাম্মেদ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার সমন্বকারী সাইদুর রহমান।